# আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭৯৩

৫০/ মুনাফিক ও তাদের হুকুম (كتاب صفات المنافقين وأحكامهم)

পরিচ্ছেদঃ ৫০/১৭. কেউ তার সকর্ম দ্বারা জান্নাতে যাবে না বরং (যাবে) আল্লাহ তা'আলার রহমতে।

لن يدخل أحد الجنة بعمله بل برحمة الله تعالى

## আরবী

حديث أَبِي هُرَيْرَةَ رضي الله عنه، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَنْ يُنَجِّيَ أَحَدًا مِنْكُمْ عَمَلُهُ قَالُوا: وَلاَ أَنْتَ يَا رَسُولَ اللهِ قَالَ: وَلاَ أَنَا إِلاَّ أَنْ يَتَغَمَّدَنِي اللهُ بِرَحْمَةٍ سَدِّدُوا

## বাংলা

১৭৯৩. আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কস্মিনকালেও তোমাদের কাউকে নিজের 'আমল নাজাত দেবে না। তাঁরা বললেন, হে আল্লাহর রাসূল! আপনাকেও না? তিনি বললেনঃ আমাকেও না। তবে আল্লাহ্ তা'আলা আমাকে রহমত দিয়ে ঢেকে রেখেছেন। তোমরা যথারীতি আমল করে নৈকট্য লাভ কর। তোমরা সকালে, বিকালে এবং রাতের শেষভাগে আল্লাহর ইবাদত কর। মধ্য পন্থা অবলম্বন কর। মধ্য পন্থা আমাদেরকে লক্ষ্যে পৌছাবে।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮১ : সদয় হওয়া, অধ্যায় ১৮, হাঃ ৬৪৬৩; মুসলিম, পর্ব ৫০ : মুনাফিক ও তাদের হুকুম, অধ্যায় ১৭, হাঃ ২৮১৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85021

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন